

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
রাজশাহী জেলা কার্যালয়, রাজশাহী

নথি নং : ২৬.০৪.৮১০০.৫০২.০৪.০০৪.১৮-২১৭

তারিখ : ২৩ জুলাই ২০১৮

বিষয় : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের তদারকি কার্যক্রমে সহায়তা সংক্রান্ত।

সূত্র : ২৬.০৪.০০০০.১১১.৩২.০০২.১৪.৭২, তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের নিমিত্ত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক রাজশাহী মহানগর ও রাজশাহী জেলার অধীন উপজেলাসমূহে বিভিন্ন পণ্য উৎপাদনকারী, বিক্রয়কারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালিত হচ্ছে। তদারকিমূলক কার্যক্রমের অংশ হিসেবে কয়েকটি বালাইনাশক ও বীজ ব্যবসা সংক্রান্ত প্রতিষ্ঠান পরিদর্শনে দেখা গেছে যে, প্রতিষ্ঠানগুলোতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত মূল্য, মেয়াদ ও ওজনবিহীন মোড়কজাতকৃত পণ্যসামগ্রী এবং মেয়াদোত্তীর্ণ পণ্যসামগ্রী বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করা হচ্ছে। এই ধরনের কর্মকান্ড ভোক্তার অধিকার লঙ্ঘনের শামিল যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। উল্লেখ্য, ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে রাজশাহী মহানগর ও রাজশাহী জেলার অধীন উপজেলাসমূহে অবস্থিত এ ধরনের প্রতিষ্ঠানে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনার জন্য আপনার দপ্তরের সহায়তা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে বালাইনাশক ও বীজ ব্যবসা সংক্রান্ত প্রতিষ্ঠানসহ অন্যান্য আনুষঙ্গিক প্রতিষ্ঠানে জনস্বার্থে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক তদারকি কার্যক্রম পরিচালনার দিন আপনার দপ্তরের একজন কৃষি কর্মকর্তাকে রাজশাহী জেলা কার্যালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) প্রস্থ।

Apur
(অপূর্ব অধিকারী)

সহকারী পরিচালক

ফোন : ০৭২১-৭৭৫৪৬৩

ই-মেইল : ad-rajshahi@dncrp.gov.bd

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

রাজশাহী।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। উপ পরিচালক (উপসচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৫। অফিস কপি।